

প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০৬.২০১৪ (অংশ-৩)/২৫৮

তারিখ : ৩০/১০/২০১৬ খ্রি.

৩৪তম বিসিএস পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত ২৯.০৮.২০১৫ তারিখে জারিকৃত প্রেস বিজ্ঞপ্তিতে জনাব মোঃ মফিজুর রহমান, রেজিস্ট্রেশন নম্বর-০১৭৬৯২ এর ফলাফল/সুপারিশ তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়েছিল। স্থগিতকৃত প্রার্থীর বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র/সনদ/ডকুমেন্টস প্রাথমিকভাবে বিবেচিত হওয়ায় এবং প্রার্থী কর্তৃক দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদের বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়নের ভিত্তিতে সরকারী কর্ম কমিশন উক্ত প্রার্থীর স্থগিতকৃত ফলাফল ঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করে। সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (provisionally) সুপারিশকৃত উক্ত প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ^{০১}ক্যাডার নিম্নে দেয়া হলো :

(ক) সাধারণ ক্যাডারের পদ :

(১) বিসিএস (কর) : ০১৭৬৯২ = ০১ জন।

২। পরবর্তীকালে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর যেকোনো সময় কোনো যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩। উল্লেখ্য, নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.১৭.০২০.২০১২/৩৭৬ নং পত্রের সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর তথ্য এবং মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রম গ্রহণ করবে।

৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অংগীকারনামার এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়ন পত্র প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীকে সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ এজেন্সির মাধ্যমে তদন্তের ভিত্তিতে কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগের কার্যক্রম গ্রহণ করবে।

৫। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থীকে নিয়োগ দেয়ার বিষয়ে কার্যক্রম গ্রহণ করবে।

৬। প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]

৩০/১০/১৬

(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)